বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
www.bou.edu.bd

রেজিস্ট্রারের কার্যালয়
OFFICE OF THE REGISTRAR

Board Bazar, Gazipur-1705, Banglade
Phone : + 88-02-9291112
PABX : + 88-09666 730730, Ext. 105
E-mail : regi@bou.edu.bd

মুজিব শতবর্ষ

# পরিপত্র

বাউবি/তথ্য-৬১/০৩(৬)/বিশ্ব:দিবস/২০১৪/৩৬৮৬ ১৯ অক্টোবর ২০২০

আগামী ২১ অক্টোবর ২০২০ বুধবার বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ২৮তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে করোনা মহামারীর কারণে জনসমাগম এড়িয়ে তথ্য প্রযুক্তি নির্ভর নিম্নবর্ণিত অনুষ্ঠানসূচি বিশ্ববিদ্যালয়ের প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কেন্দ্র ও উপ-আঞ্চলিকসমূহে পালিত হবে।

| ক্রম. | তারিখ ও সময় | অনুষ্ঠানসূচি |
|---|---|---|
| ১. | ২১ অক্টোবর, ২০২০<br>বুধবার সকাল ৮:০০টা | গাজীপুর ক্যাম্পাসে 'স্বাধীনতার চিরন্তন' স্মারক ভাস্কর্যের পতাকা স্তম্ভে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা মাননীয় উপাচার্যের নেতৃত্বে উত্তোলন।<br>বিশ্ববিদ্যালয়ের সকল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা আনুষ্ঠানিকভাবে একই দিন একই সময়ে উত্তোলন। |
| ২. | ২১ অক্টোবর, ২০২০<br>সকাল ৮:০০টা | মূল ক্যাম্পাসে পতাকা উত্তোলনের সময় জাতীয় সঙ্গীত ও বিশ্ববিদ্যালয়ের থিমসং পরিবেশন। |
| ৩. | ২১ অক্টোবর, ২০২০<br>সকাল ৯:০০টা | মূল ক্যাম্পাসের মক ভিলেজ সংলগ্ন এলাকায় মাননীয় উপাচার্য কর্তৃক প্রতিষ্ঠা বার্ষিকীর স্মারক বৃক্ষ রোপণ।<br>বিশ্ববিদ্যালয়ের ১১টি আঞ্চলিক কেন্দ্রের (ঢাকা ব্যতীত) আঞ্চলিক পরিচালকগণের নেতৃত্বে স্ব স্ব ক্যাম্পাসে বৃক্ষ রোপণ। |
| ৪. | ২১ অক্টোবর, ২০২০<br>সকাল ৮টা থেকে রাত ৯টা | বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে ডিজিট্যাল ডিসপ্লে বোর্ডে সকাল-সন্ধ্যা বিশ্ববিদ্যালয়ের মিডিয়া বিভাগ কর্তৃক নির্মিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশত বার্ষিকী, রজতজয়ন্তী, পিঠা মেলা, বর্ষবরণসহ বিভিন্ন ধরণের প্রোগ্রাম প্রচার। |
| ৫. | ২০ অক্টোবর, ২০২০ | মাননীয় উপাচার্যের খোলা চিঠি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিধিবদ্ধ পর্ষদের সম্মানিত সদস্য, কর্মরত ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, স্টাডি সেন্টারের সমন্বয়কারী, টিউটর, শিক্ষার্থীবৃন্দ ও অবসরপ্রাপ্ত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের নিকট ই-মেইলে প্রেরণ। |
| ৬. | ২১ অক্টোবর, ২০২০<br>রাত ৯:১৫ মিনিট | বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা বর্ষিকী উপলক্ষে মাননীয় উপাচার্যের সভাপতিত্বে জুম/ওয়েবিনারে আলোচনা সভা। |
| ৭. | ২১ অক্টোবর, ২০২০<br>সকাল ৮টা থেকে রাত ৯টা | মিডিয়া বিভাগের ওয়েব রেডিও ও টিভিতে প্রতিষ্ঠা বার্ষিকীর দিনে অনুষ্ঠান প্রচার। |
| ৮. | ১৭ অক্টোবর, ২০২০ হতে<br>৩১ অক্টোবর, ২০২০ পর্যন্ত | face book-এর প্রোফাইল ফ্রেমে বিশ্ববিদ্যালয়ের ২৮ তম প্রতিষ্ঠা বার্ষিকীর ব্র্যান্ডিং এ আগ্রহী শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের অংশগ্রহণ। |

বিশ্ববিদ্যালয় আয়োজিত বর্ণিত অনুষ্ঠানসমূহে অংশগ্রহণের জন্য শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। জাতীয় পতাকা উত্তোলন অনুষ্ঠানে গাজীপুর ক্যাম্পাসে অবস্থানরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ তিন ফুট দুরত্বে অবস্থান করে স্বাস্থ্যবিধি মেনে অংশ নেবেন। আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের অনুষ্ঠানেও একই বিধি অনুসৃত হবে। আলোচনা সভার জুম (zoom) লিংক কম্পিউটার বিভাগ হতে প্রদান করা হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

১৯/১০/২০২০

(ড. মহা: শফিকুল আলম)
রেজিস্ট্রার
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

চলমান পাতা

**বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়**
**BANGLADESH OPEN UNIVERSITY**
www.bou.edu.bd

**রেজিস্ট্রারের কার্যালয়**
**OFFICE OF THE REGISTRAR**

Board Bazar, Gazipur-1705, Banglade
Phone : + 88-02-9291112
PABX : + 88-09666 730730, Ext. 105
E-mail : regi@bou.edu.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

বাউবি/তথ্য-৬১/০৩(৬)/বিশ্ব:দিবস/২০১৪/৩৬৮৬ ১৯ অক্টোবর ২০২০

বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১. মাননীয় উপাচার্য, বাউবি।
২. ডিন/রেজিস্ট্রার/পরিচালক/বিভাগীয় প্রধান (সকল) ............................................. স্কুল/বিভাগ, বাউবি। সংশ্লিষ্ট স্কুল/বিভাগে নিয়োজিত শিক্ষক,কর্মকর্তা ও কর্মচারীগণকে পরিপত্রটি অবহিত ও ডিজিটালী অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য তাঁকে অনুরোধ করা হ'ল।
৩. জনাব ............................................................... সদস্য, ২৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপন কমিটি-২০২০, বাউবি।
৪. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য এবং উপাচার্যের দপ্তরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীগণকে পরিপত্রটি অবহিত করার জন্য তাঁকে অনুরোধ করা হল।
৫. আঞ্চলিক পরিচালক/ভারপ্রাপ্ত আঞ্চলিক পরিচালক, ................................., আঞ্চলিক কেন্দ্র, বাউবি। বিশ্ববিদ্যালয়ের ২৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে স্ব স্ব আঞ্চলিক কেন্দ্রের অনুষ্ঠানে উক্ত কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীগণ আগ্রহী হলে স্বাস্থ্যবিধি মেনে ৩ ফুট দূরত্বে থেকে অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবেন।
৬. আঞ্চলিক পরিচালক/ভারপ্রাপ্ত আঞ্চলিক পরিচালক, ................................ বাউবি'র আঞ্চলিক কেন্দ্রে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন, ব্যানার টানানো ও উপ-আঞ্চলিক কেন্দ্রে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন, ব্যানার টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হ'ল।
৭. শাখা প্রধান, ................................................. , বাউবি। তাঁর শাখায় নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীগণকে পরিপত্রটি অবহিত করার জন্য তাঁকে অনুরোধ করা হ'ল।
৮. যুগ্ম আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/কো-অর্ডিনেটিং অফিসার, .................................. উপ-আঞ্চলিক কেন্দ্র, বাউবি। উপ-আঞ্চলিক কেন্দ্রে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীগণকে পরিপত্রটি অবহিত করার জন্য তাঁকে অনুরোধ করা হল।
৯. যুগ্ম পরিচালক, যানবাহন শাখা, প্রশাসন বিভাগ। বিশ্ববিদ্যালয়ের ২৮ তম প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠানে আগ্রহীদের জন্য যাতায়াতের লক্ষ্যে গাড়ীর ব্যবস্থা করার অনুরোধসহ।
১০. উপ-পরিচালক, ট্রেজারার-এর দপ্তর, বাউবি। ট্রেজারার মহোদয়ের অবগতির জন্য এবং ট্রেজারারের দপ্তরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীগণকে পরিপত্রটি অবহিত করার জন্য তাঁকে অনুরোধ করা হ'ল।
১১. সিস্টেম এ্যানালিষ্ট, অনুষ্ঠানের পরিপত্র, ছবি ও সংবাদ বাউবি'র ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ।
১২. উপ আঞ্চলিক পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি। দপ্তরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীগণকে পরিপত্রটি অবহিত করার জন্য তাঁকে অনুরোধ করা হ'ল।
১৩. সংশ্লিষ্ট নথি।

অবিলম্বে কার্যার্থে ঃ

১) পরিচালক/সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ, বাউবি। মাননীয় উপাচার্যের খোলা চিঠি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিধিবদ্ধ পর্ষদের সম্মানিত সদস্য, কর্মরত ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, স্টাডি সেন্টারের সমন্বয়কারী টিউটর, শিক্ষার্থীবৃন্দ ও অবসরপ্রাপ্ত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের নিকট ই-মেইলে প্রেরণের অনুরোধসহ।
২) পরিচালক, মিডিয়া বিভাগ, বাউবি। বিশ্ববিদ্যালয়ের ২৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠান ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল। একই সঙ্গে ওয়েব রেডিও ও ওয়েব টিভিতে প্রচারের অনুরোধসহ।
৩) আঞ্চলিক/ উপ-আঞ্চলিক পরিচালক (সকল) ঃ বিশ্ববিদ্যালয়ের সকল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা আনুষ্ঠানিকভাবে উক্ত তারিখে একই সময়ে উত্তোলনের অনুরোধসহ।
৪) সহ-প্রধান নিরাপত্তা কর্মকর্তা, প্রশাসন বিভাগ, বাউবি। বিশ্ববিদ্যালয়ের ২৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী বাউবি'র গাজীপুর ক্যাম্পাসে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হ'ল।
৫) অনুষ্ঠানটি সার্থকভাবে আয়োজনের জন্য তথ্য ও গণসংযোগ বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের ২১ অক্টোবর, ২০২০ তারিখে স্বাস্থ্যবিধি মেনে কর্মস্থলে উপস্থিত থাকার জন্য বলা হ'ল।
৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার বিভাগ, বাউবি। ২১ অক্টোবর ২০২০ইং তারিখ অনুষ্টিতব্য সভার লিংক সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের অনুরোধসহ।

(মোঃ আবুল কাসেম শিখদার)
পরিচালক
তথ্য ও গণসংযোগ বিভাগ
ও
সদস্য-সচিব
২৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপন কমিটি-২০২০